খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

ভর্তি বিজ্ঞপ্তি

১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং ও বিইউআরপি

শিক্ষাবর্ষঃ ২০১৩-২০১৪

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং কোর্সে সিভিল ইঞ্জিনিয়ারিং (CE), ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (EEE), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ME), কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (CSE), ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ECE), ইন্ডাষ্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং (IPE), লেদার ইঞ্জিনিয়ারিং (LE), টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (TE), বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট (BECM) ও ব্যাচেলর অব আরবান এন্ড রিজিওনাল প্লানিং (BURP)-এ ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

১। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতাঃ

ক) প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ) প্রার্থীকে ২০১৩ ইং সালে উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় পাশ হতে হবে অথবা ২০১২ ইং সালের নভেম্বরের পরে 'A' লেভেল সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে।

গ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/ কারিগরি শিক্ষা বোর্ড থেকে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৪.০০ পেয়ে পাশ হতে হবে অথবা সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে।

ঘ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/ কারিগরি শিক্ষা বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক/আলীম/ সমমানের পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজী এ চার বিষয়ে কমপক্ষে মোট জিপি ১৮ এবং উল্লিখিত বিষয়গুলির মধ্যে গণিত, পদার্থবিদ্যা ও রসায়নে পৃথক পৃথকভাবে কমপক্ষে জিপি ৩.৫০ ও ইংরেজীতে কমপক্ষে জিপি ৩.০০ পেয়ে পাশ অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় উক্ত বিষয়সমূহে কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে।

ঙ) প্রার্থী GCE 'O' লেভেল এবং 'A' লেভেল পাশ করে থাকলে তার ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য GCE 'O' লেভেল পরীক্ষায় কমপক্ষে পাঁচটি পেপারে ন্যূনতম B গ্রেড পেয়ে পাশ হতে হবে। GCE 'A' লেভেল পরীক্ষায় পদার্থবিদ্যা, রসায়ন ও গণিতে পৃথক পৃথকভাবে কমপক্ষে B গ্রেড পেয়ে পাশ হতে হবে।

২। আসন সংখ্যাঃ

সর্বমোট ৭৮৫টি আসন সংখ্যার বন্টন নিম্নরূপ হবেঃ

CE	EEE	ME	CSE	ECE	IPE	LE	TE	BECM	URP	সংরক্ষিত	মোট
১২০	১২০	১২০	৬০	৬০	৬০	৬০	৬০	৬০	৬০	৫	৭৮৫

৩। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী নির্বাচনঃ

নির্দিষ্ট সময়ের মধ্যে প্রাপ্ত সকল বৈধ আবেদনপত্রের মধ্য থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজী-এ চার বিষয়ে প্রাপ্ত মোট গ্রেড পয়েন্টের ভিত্তিতে একটি মেধা তালিকা তৈরী করা হবে। প্রার্থী সংখ্যা বেশী হলে এ তালিকা থেকে প্রথম ৬০০০ (ছয় হাজার) জন প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। তবে ৬০০০তম প্রার্থী একাধিক হলে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত বিষয়ভিত্তিক গ্রেড পয়েন্ট যথাক্রমে গণিত, পদার্থবিদ্যা, রসায়ন, ইংরেজী এবং প্রয়োজনে এইচএসসি-র জিপিএ এর অগ্রাধিকারের ভিত্তিতে ৬০০০তম প্রার্থীর মধ্য থেকে ন্যূনতম সংখ্যক প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

৪। ভর্তি পরীক্ষার বিষয়সমূহ ও নির্ধারিত নম্বরঃ

২০১৩ইং সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা ও রসায়নে যে পাঠ্যসূচী ছিল প্রধানতঃ তার উপর এবং Functional English-এর উপর ভিত্তি করে ২ ঘন্টা ৩০ মিনিট ব্যাপী সর্বমোট ৫০০ নম্বরের (গণিত-১৫০, পদার্থ-১৫০, রসায়ন-১৫০, Functional English-৫০) পরীক্ষা MCQ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। MCQ পরীক্ষায় প্রতিটি ভুল উত্তরের জন্য ২৫% নম্বর কাটা যাবে।

৫। অনলাইনে আবেদনপত্র পূরণঃ

ওয়েবসাইটে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে প্রার্থীকে অনলাইন-এর মাধ্যমে প্রয়োজনীয় তথ্য দিয়ে ভর্তির আবেদনপত্র পূরণ, ছবি ও স্বাক্ষরের Scanned কপি Upload এবং Teletalk মোবাইল ফোনের মাধ্যমে নির্ধারিত ফিস প্রদান করতে হবে।

৬। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশের পর সংশ্লিষ্ট প্রার্থীকে ওয়েবসাইটে গিয়ে 'Admit Card' Download করে Print নিতে হবে। 'Admit Card' ব্যতীত কোন প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

৭। "Receipt of Application"- এ A, T বা P চিহ্নিত আবেদনকারীদের ক্ষেত্রে অনলাইনে পূরণকৃত ফরমের প্রিন্টকৃত কপি, সকল প্রয়োজনীয় দলিলাদিসহ সম্পূর্ণ আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখের পূর্বে রেজিস্ট্রার অফিসে সরাসরি জমা দিতে হবে। উল্লেখ্য যে, আগামী ১১ অক্টোবর থেকে ২৬ অক্টোবর, ২০১৩ ইং পর্যন্ত পবিত্র ঈদুল আযহা ও শারদীয় দূর্গা পূজা উপলক্ষে বিশ্ববিদ্যালয় বন্ধ থাকবে।

৮। ভর্তি সংক্রান্ত সময়সূচীঃ

ক)	ভর্তি পরীক্ষার আবেদনপত্র ইন্টারনেটে জমা নেয়া শুরুর তারিখ	১ অক্টোবর, ২০১৩ ইং, মঙ্গলবার
খ)	ভর্তি পরীক্ষার আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ	২৮ অক্টোবর, ২০১৩ ইং, সোমবার
গ)	ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের নামের তালিকা প্রকাশ	৫ নভেম্বর, ২০১৩ ইং, মঙ্গলবার
ঘ)	**ভর্তি পরীক্ষার তারিখ ও সময়**	**২৩ নভেম্বর, ২০১৩ ইং, শনিবার সকাল ১১-০০মি. হতে ১-৩০মি. পর্যন্ত।**
ঙ)	ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের নামের তালিকা প্রকাশ ও ভর্তির তারিখ ঘোষণা	২৮ নভেম্বর, ২০১৩ ইং, বৃহস্পতিবার

৯। বিদেশী ছাত্র-ছাত্রীদের জন্য ভর্তির যোগ্যতাঃ

ক) প্রার্থীকে ২০১৩ ইং সালে উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় পাশ হতে হবে।

খ) প্রার্থীকে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় গড়ে কমপক্ষে ৬০% বা সমমানের গ্রেড পেয়ে পাশ হতে হবে।

গ) প্রার্থীকে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা ও রসায়নে পৃথকভাবে কমপক্ষে ৭৫% বা সমমানের গ্রেড এবং ইংরেজীতে কমপক্ষে ৬০% বা সমমানের গ্রেড পেয়ে পাশ হতে হবে।

ঘ) প্রার্থীকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয় ও শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে আবেদন করতে হবে। উল্লেখ্য, অনলাইনে ভর্তির তথ্য জমা বিদেশী ছাত্র-ছাত্রীদের জন্য প্রযোজ্য নহে।

১০। ভর্তি সংক্রান্ত সকল তথ্যাবলী www.admission-kuet.ac.bd ওয়েবসাইট ও বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে এবং অতিরিক্ত তথ্যের জন্য রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর দপ্তরে ভর্তি শাখায় (PABX: +880-41-769468 Ext. 139) **যোগাযোগ করা যাবে। ভর্তি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে admission@kuet.ac.bd-তে e-mail করা যেতে পারে।**

প্রফেসর ড. মোঃ বজলার রহমান
সভাপতি, ভর্তি কমিটি
১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং ও বিইউআরপি
ও
ডীন, পুরকৌশল অনুষদ
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

ওয়েবসাইটঃ www.admission-kuet.ac.bd